

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩৫৪

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

### আরবী

وَعَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنِ أَنَّ نَبِيَّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَا أَرْكَبُ الْأُرْجُوانَ وَلَا أَلْبَسُ الْقُمِيصَ الْمُكَفَّفَ بِالْحَرِيرِ» وَقَالَ: «أَلَا وَطِيبُ الرِّجَالِ وَلَا أَلْبَسُ الْقَمِيصَ الْمُكَفَّفَ بِالْحَرِيرِ» وَقَالَ: «أَلَا وَطِيبُ الرِّجَالِ رِيحٌ لَا لَوْنَ لَهُ وَطِيبُ النِّسَاءِ لَوْنٌ لَا ريح لَهُ» . رَوَاهُ أَبُو دَاؤد

#### বাংলা

৪৩৫৪-[৫১] ইমরান ইবনু হুসায়ন (রাঃ) হতে বর্ণিত। আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমি অত্যধিক লাল বর্ণের গদির উপর আরোহণ করি না, হলুদ রঙের কাপড় পরিধান করি না এবং রেশমযুক্ত জামাও পরিধান করি না। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আরো বলেন, জেনে রাখো! পুরুষদের আতর তাই যাতে খোশবু আছে, রং নেই। পক্ষান্তরে নারীদের আতর তাই যাতে রং আছে, কিন্তু সুদ্রাণ ছড়ায় না। (আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ৪০৪৮, মুসনাদে আহমাদ ১৯৯৭৫, শু'আবুল ঈমান ৬৩২০, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৪৭২৬, আস সুনানূল কুবরা লিল বায়হাকী ৬১৮৭।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ পুরুষের জন্য রংহীন সুঘ্রাণযুক্ত; যেমন মিশক, আতর, কাফূর, উদ ইত্যাদি বৈধ এবং নারীদের জন্য সুদ্রাণহীন রং যেমন যা'ফরান, খালূক, মেহেদী ইত্যাদি ব্যবহার করা বৈধ। ইমাম তিরমিয়ী (রহিমাহুল্লাহ) বর্ণনা করেছেন,

طِيبُ الرِّجَالِ مَا ظَهَرَ رِيحُةً وَخَفِيَ لَوْنُةً وَطِيبُ النِّسَاءِ مَا ظَهَرَ لَوْنُهُ وَخَفِيَ رِيحُةً



"পুরুষের জন্য সর্বোত্তম সুগন্ধি হচ্ছে ঐ জিনিস যার ঘ্রাণ প্রকাশ পায় কিন্তু রং অপ্রকাশ্য থাকে। আর নারীর জন্য সর্বোত্তম সুগন্ধি হচ্ছে ঐ জিনিস যার রং প্রকাশ পায় কিন্তু ঘ্রাণ অপ্রকাশ্য থাকে।" ('আওনুল মা'বূদ ৭ম খন্ড, হাঃ ৪০৪৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন